

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি :- কৃষিবিদ বশির আহম্মদ সরকার, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।

সভার তারিখ : ০৭ জানুয়ারী ২০২১ খ্রিঃ।

সময় : বিকাল ৩.০০ ঘটিকা


স্থান : অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকার কার্যালয়।

উপস্থিত কমিটির সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত করা হলো।

অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা এর সভাপতিত্বে ২০২০-২১ অর্থবছরে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়। সভাপতি বশির আহম্মদ সরকার, অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এ ২টি অংশীজনের সভা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় আজ ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল কার্যালয়ের ফোকাল পয়েন্ট জনাব শাহানা খাতুন, মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম পরিকল্পনা এবং অগ্রগতির উপর বিশদ আলোচনা করেন। আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সর্বস্মৃতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা।	২০২০-২১ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ বাস্তবায়িত হয়েছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখতে হবে।	ক) অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল ও ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ। খ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল পর্যায়ের কর্মকর্তা বৃন্দ
২	সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো নিজস্ব ওয়েবসাইটে আপলোড বিষয়ক আলোচনা।	মন্ত্রিপরিষদ বিভাগের ২৯/০৯/২০২০ তারিখের ৯৫ সংখ্যক স্মারকপত্র অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত সেবা বক্স আপলোড ও হালনাগাদ করতে হবে। প্রয়োজনে Aspire to Innovation ( a2i) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।	ক) অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল ও ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ। খ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল পর্যায়ের কর্মকর্তা বৃন্দ
৩	সেবা প্রদান প্রতিশ্রুতি ( সিটিজেন চার্টার ) বিষয়ে আলোচনা।	মাঠ পর্যায়ে অঞ্চল, জেলা ও উপজেলা কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি ( সিটিজেন চার্টার ) তৈরীর নির্দেশনা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে সিটিজেন চার্টার এর ফরম্যাট পাওয়া গিয়েছে। নির্ধারিত ফরম্যাট অনুযায়ী সিটিজেন চার্টার তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল ও ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ। খ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল পর্যায়ের কর্মকর্তা বৃন্দ

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(বশির আহম্মদ সরকার)  
অতিরিক্ত পরিচালক

ও

আহবায়ক

জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ঢাকা অঞ্চল, ঢাকা।

ফোন- ৯১১১০৬০